# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৮২

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮) মসজিদে এবং ক্বিবলার দিকে থুথু নিক্ষেপ ও মসজিদে হারানো বস্তু তালাশ করা ইত্যাদির প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من البصاق في المسجد وإلى القبلة ومن إنشاد الضالة فيه وغير ذلك مما يذكر هنا

আরবী

(حسن صحيح) وَ عَنْ أَبِيْ سَعِيْدِ الْخُدرِيْ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُعْجِبُهُ الْعَرَاجِينُ أَنْ يُمْسِكَهَا بِيَدِهِ ، فَدَخَلَ الْمَسْجِدَ ذَاتَ يَوْمٍ ، وَفِي يَدِهِ وَاحِدٌ مِنْهَا ، فَرَأَى نُخَامَاتٍ فِي قِبْلَةِ الْمَسْجِدِ ، فَحَتَّهُنَّ حَتَّى أَنْقَاهُنَّ ، ثُمَّ أَقْبَلَ عَلَى النَّاسِ مُغْضَبًا ، فَقَالَ : أَيُحِبُّ أَحَدُكُمْ أَنْ يَسْتَقْبِلَهُ رَجُلٌ ، فَيَبْصُقَ فِي وَجْهِهِ ؟ إِنَّ أَحَدُكُمْ إِذَا قَامَ إِلَى الصَّلاَةِ فَإِنَّمَا يَسْتَقْبِلُ رَبَّهُ ، وَالْمَلَكُ عَنْ يَمِينِهِ ، فَلاَ يَبْصُقْ بَيْنَ يَدَيْهِ ، وَلاَ عَنْ يَمِينِهِ". رواه ابن خزيمة في صحيحه

বাংলা

২৮২. (হাসান সহীহ্) আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, হলুদ বর্ণের খেজুরের ডাল হাতে নিয়ে থাকা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)এর খুব পছন্দনীয় ছিল। একদিন তিনি এরুপ একটি ডাল হাতে নিয়ে মসজিদে প্রবেশ করলেন। এমন সময় তিনি মসজিদের সম্মুখভাগে কিছু থুথু দেখতে পেলেন। তিনি উহা ঘষে পরিস্কার করে দিলেন। অতঃপর রাগম্বিত হয়ে মানুষের সম্মুখে এসে বললেনঃ

”তোমাদের কেউ কি পছন্দ করে যে, কোন ব্যাক্তি সম্মুখে এসে তার চেহারায় থুথু নিক্ষেপ করে দিক? তোমাদের কেউ যখন সালাতে দন্ডায়মান হয়, তখন সে তো তার প্রভুর সম্মুখে দন্ডায়মান হয়। আর ফেরেশতা থাকে তার ডান দিকে। সুতরাং সম্মুখে এবং ডান দিকে সে যেন থুথু নিক্ষেপ না করে.।”

(হাদীছটি বর্ণনা করেছেন ইবনু খুযায়মাহ্ তাঁর [সহীহ্] গ্রন্থে ৯২৬)[1]

ইবনু খুযায়মাহর অপর রেওয়ায়াতে আগের মতই বর্ণনা এসেছে। তাতে বলা হয়ঃ

فإن الله عز وجل بين أيديكم في صلاتكم فلا توجهوا شيئا من الأذى بين أيديكم

’’সালাতের সময় মহান ও পরাক্রমশালী আল্লাহ তোমাদের সম্মুখে থাকেন। অতএব কোন খারাপ জিনিস সামনের দিকে নিক্ষেপ করবে না....।’’

(ইবনু খুযায়মাহ্ এ হাদীছের উপর একটি অনুচ্ছেদ রচনা করেছেনঃ [অনুচ্ছেদঃ নামাযের ক্বিবলার দিকে খারাপ বস্ত্ত বলতে যা বুঝায় তার সবই নিক্ষেপের প্রতি সতর্কীকরণঃ])

## ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, হাদীছটি সুনান গ্রন্থেও আছে। আবু দাউদ হাদীছটি বর্ণনা করেছেন। আরো বর্ণনা করেছেন ইমাম আহমাদ ও হাকেম। হাকেম বলেন, হাদীছটি সহীহ, আর তাঁর এই কথাকে সমর্থন করেছেন ইমাম যাহাবী।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88053

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন